

সুখ নিয়ে পালাবে? দুঃখগুলোতো পাবে না

আল নোমান শামীম

নিরবে নিভৃতে বসন্তের দিনগুলো
বাসন্তিরাঙ্গা কপালের কুজোতে
শ্বেতবিন্দুর মতো তোমার চির পরিচিত হাসি
আমার হয়ে উঠেনি কখনো,
তবু কেনো তাকে নিজের বলেই মনে হয় ।

মনের দুধার ধরে অগুণতি মহলের বসবাস
খোলা জানালার ধার ধরে নিশ্চিত গাছের ছায়া
তার চারপাশে মৃদু মন্দ হাওয়ায় শিরশিলে বাতাসে
তোমার তুলতুলে হাতের শীর্ষ অনুভূতি
আমার হয়ে উঠেনি কখনো,
তবু কেনো তাকে নিজের বলেই মনে হয় ।

বেলা শেষে, বাতাবি লেবুর মতো
তোমার হঠাত হেসে উঠ্য অথবা নুপুরের নিক্ষেনে
ধানসিঁড়ি মমতায় আমার চিবুকে
আলতো আঙুলে ছলনার মোহময় প্রেম নিবেদন,
বেলা শেষে দিনের সবকিছু, যা কিছু আলোকময়
আমার হয়ে উঠেনি কখনো,
তবু কেনো তাকে নিজের বলেই মনে হয় ।

কখনো সখনো একথা-সেকথা
হাতের নজরে স্পর্শ কাতরতায়
মুগ্ধ বিস্ময়ে চেয়ে থাকা বারবার,
মদির কারণ্তে মদিরতম আক্লেশ, তোমার চট্টুল শান্ত চোখে,
আমাকে এবং তোমাকে বলা অসংখ্য কবিতাগুলো
আমার হয়ে উঠেনি কখনো,
তবু কেনো তাকে নিজের বলেই মনে হয় ।

পিছু ডাকলেই পিছু ডাকা হয় এবং
পিছু ডাকবো না বলেই
বারবার এবং তারপরে বারবার পিছুকেই পিছু টানি,
সবকিছু কি ফেলে আসা যায়
সুখ কিংবা দুঃখ, অথবা তোমার আমার ছুটে বেড়ানো
জর্জ স্টীট, এশফীল্ড, বারউড, প্যারাম্যাটায় রৌদ্রের অহংকারী
সতেজ চতুর,
পাঞ্চপথ, মৌচাকের ভীড়, রমনার গুটিশুটি চায়ের উত্ত্বাপ
তবুতো তোমার সূতি, সুখ গুলো নাহয় দুঃখ হয়েই থাক
তবুতো তোমার সূতি, কিছু না হোক, তুমি তো আছো
ইচ্ছে হলেই কি
তোমাকে ছাড়া বেঁচে থাকা যায় ?

